# সুভা

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**১। ছিপ ফেলে মাছ ধরা কার প্রধান শখ ছিল?**

(ক) সুভাষিনীর
(খ) বাণীকণ্ঠের
(গ) সুকেশিনীর
(ঘ) প্রতাপের

**২। বাণীকণ্ঠের শষ্ক কপোলে অশ্রু গড়িয়ে পড়েছিল কেন?**

i. সুভাকে বিয়ে দেবেন বলে
ii. সুভা কথা বলতে পারে না বলে
iii. মেয়েটির ভবিষ্যৎ ভেবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ সংখ্যক প্রশ্নের উত্তর দাও:**

সেই ছোট্টবেলায় মর্জিনা একটি বিড়াল ও একটি কুকুর ছানা এনেছিল। নাম দিয়েছে পুষি আর পুটু। আজ পুষি আর পুটু পরোপুরি বড় হয়েছে। নাম ধরে ডাকলে মুহূর্তেই হাজির হয়। পুষি কোলে উঠে বসে কিন্তু পুটু একটু দূরে দাঁড়িয়ে লেজ নাড়ায়

**৩। মর্জিনার মধ্যে সুভার যে বৈশিষ্ট্য লক্ষণীয়, তা হলো-**

(ক) ইতর প্রাণী প্রতি আনুগত্য প্রকাশ
(খ) একাকিত্বের সাথি ইতর প্রাণী
(গ) ইতর প্রাণীর প্রতি মমত্ববোধ
(ঘ) সবার থেকে নিজেকে আড়ালে রাখা

**৪। উদ্দীপকের মূলভাব 'সুভা' গলেপর কোন বাক্যে প্রতিফলিত হয়েছে?**

i. দিনে তিনবার গোয়াল ঘরে যাওয়া
ii. দুই বাহু দ্বারা গলা জড়িয়ে ধরা
iii. মাঝে মাঝে তাদেরকে ভর্ৎসনা করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

**৫। রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?**

(ক) ১৮৫১ খ্রিষ্টাব্দে
(খ) ১৮৬১ খ্রিষ্টাব্দে
(গ) ১৮৭১ খ্রিষ্টাব্দে
(ঘ) ১৮৮১ খ্রিষ্টাব্দে

**৬। রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন?**

(ক) ১২৬১
(খ) ১২৬২
(গ) ১২৬৮
(ঘ) ১২৭২

**৭। রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ কোনগুলো?**

(ক) মানসী, সোনার তরী, চিত্রা, বিসর্জন
(খ) ক্ষণিকা, বলাকা, পুনশ্চ, শেষের কবিতা
(গ) রক্তকরবী, চোখের বালি, কল্পনা, চিত্রা
(ঘ) চিত্রা, কল্পনা, সোনার তরী, মানসী

**৮। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পিতার নাম কী?**

(ক) প্রিন্স দ্বারকানাথ ঠাকুর
(খ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর
(গ) অবনীন্দ্রনাথ ঠাকুর
(ঘ) সুরেন্দ্রনাথ ঠাকুর

**৯। রবীন্দ্রনাথ কোন কাব্যের জন্য নোবেল পুরস্কার পান**

(ক) ক্ষণিকা
(খ) মানসী
(গ) সোনার তরী
(ঘ) গীতাঞ্জলি

**১০। এশীয়দের মধ্যে সাহিত্যে সর্বপ্রথম নোবেল পুরস্কার পান কে?**

(ক) কেনজাবুরো ওয়ে
(খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) নাগিব মাহফুজ
(ঘ) অরহান পামুক

**১১। "তিনি একাধারে সাহিত্যিক, দার্শনিক ও শিক্ষাবিদ।" উক্তিটি কোন লেখক সম্পর্কে প্রযোজ্য?**

(ক) প্রমথ চৌধুরী
(খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়
(ঘ) মুহম্মদ শহীদুল্লাহ

**১২। রবীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে যথাযথ উক্তি কোনটি**

(ক) তিনি ৭ই আগস্ট জন্মগ্রহণ করেন
(খ) তিনিই একমাত্র নোবেল বিজয়ী বাঙালি কবি
(গ) তাঁর পিতার নাম প্রিন্স দ্বারাকানাথ
(ঘ) তিনি শান্তিনিকেতনে শেষ নিশ্বাস ত্যাগ করেন

**১৩। রবীন্দ্রনাথকে বিশ্বকবি বলার ক্ষেত্রে কোন মতবাদটি গ্রহণযোগ্য**

(ক) আধুনিক রুচিবোধসম্পন্ন সাহিত্য
(খ) নোবেল পুরস্কার প্রাপ্তি

(গ) আন্তর্জাতিক দৃষ্টিসম্পন্ন

(ঘ) বিশ্বব্যাপী সমাদৃত সাহিত্যে

**১৪। বিসর্জন ও রক্তকরবীর মধ্যে মিল কিসে**

(ক) দুটিই রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক

(খ) দুটিই রবীন্দ্রনাথ ঠাকুর এর উপন্যাস

(গ) আঙ্গিক ভিন্ন হলেও দুটির বিষয়বস্তু অভিন্ন

(ঘ) দুটিই প্রকাশিত হয়েছে রবীন্দ্রনাথ এর মৃত্যুর পরে

**১৫। নিচের কোন গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুর এর রচিত নয়?**

(ক) রক্তকরবী

(খ) গল্পগুচ্ছ

(গ) বিচিত্র প্রবন্ধ

(ঘ) প্রবন্ধ সংগ্রহ

**১৬। রবীন্দ্রনাথ ঠাকুরের সাথে ৭ই মে ও ৭ই আগষ্ট কীভাবে সম্পর্কিত?**

(ক) জন্ম ও মৃত্যুতে

(খ) জন্ম ও বিবাহ

(গ) মৃত্যু ও নোবেল প্রাপ্তিতে

(ঘ) নোবেল ও জমিদারি পত্তনে

**১৭। রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?**

(ক) ১৯৪১ খ্রিষ্টাব্দে

(খ) ১৯৩৮ খ্রিষ্টাব্দে

(গ) ১৯৪০ খ্রিষ্টাব্দে

(ঘ) ১৯৪২ খ্রিষ্টাব্দে

**১৮। রবীন্দ্রনাথ ঠাকুর শেষ নিশ্বাস ত্যাগ করেন-**

(ক) কলকাতায়

(খ) সুভা

(গ) সুহাসিনী

(ঘ) সুভাষিণী

**১৯। 'সুভা' গল্পের মেয়েটির নাম কী রাখা হয়েছিল?**

(ক) হাসি

(খ) সুভা

(গ) সুহাসিনী

(ঘ) সুভাষিণী

**২০। "তখন কে জানিত সে বোবা হইবে?" এখানে কার কথা বলা হয়েছে?**

(ক) সুভাষিণীর

(খ) সুকেশিনীর

(গ) সুহাসিনীর

(ঘ) সুনয়নার

**২১। সুভাষিণীরা কয় বোন?**

(ক) তিন

(খ) চার

(গ) পাঁচ

(ঘ) ছয়

**২২। সুভাষিণীর নাম কে রাখেন?**

(ক) সুভাষিণীর মা

(খ) সুভাষিণীর বাবা

(গ) সুভাষিণীর ভাই

(ঘ) সুভাষিণীর মামা

**২৩। সুভাষিণী বাবা কিসের ভিত্তিতে ছোট মেয়েটির নাম রাখেন সুভাষিণী?**

(ক) মায়ের নামের ভিত্তিতে

(খ) আবেগের বশে

(গ) প্রতাপের কথায়

(ঘ) বড় দুই মেয়ের নামের বিত্তিতে

**২৪। 'সুভাষিণী' অর্থ কী?**

(ক) মধুরভাষী

(খ) সুন্দর মুখ

(গ) উজ্জ্বল

(ঘ) সুন্দর কথা

**২৫। সুভাষিণীকে সকলে কী নামে সংক্ষেপে ডাকে?**

(ক) সুভাষী

(খ) ভষিণ

(গ) সুভা

(ঘ) সুণী

**২৬। সুকেশিনী ও সুহাসিনীর সাথে সুভাষিণীর সম্পর্ক কী?**

(ক) বোন

(খ) বান্ধবী

(গ) খালাতো বোন

(ঘ) চাচাতো বোন

**২৭। দস্তরমতো অনুসন্ধান ও অর্থব্যয়ে কার বিয়ে হয়ে গেছে?**

(ক) সুভার

(খ) সুভার বোনদের

(গ) সুভার বান্ধবীর

(ঘ) প্রতাপের

**২৮।"এখন ছোটোটি পিতামাতার নীরব হৃদয়ভারের মতো বিরাজ করিতেছে।" এখানে 'ছোটোটি' বলতে কাকে বোঝানো হয়েছে?**

(ক) সুকেশিনীকে

(খ) সুহাসিনীকে

(গ) সুনয়নাকে

(ঘ) সুভকে

**২৯। 'সে কথা বলতে পারে না'- এখানে যাকে নির্দেশ করা যায়-**

(ক) সুকেশিনী

(খ) সুহাসিনী

(গ) সুভাষিনী

(ঘ) প্রতাপ

**৩০। কার সাক্ষাতেই সকলে তার ভবিষ্যৎ সম্পর্কে দুশ্চিন্তা প্রকাশ করে?**

(ক) প্রতাপের

(খ) সুভার

(গ) সুহাসের

(ঘ) সুকেশিনীর

**৩১। ‘এইজন্য তাহার সাক্ষাতেই সকলে তাহার ভবিষ্যৎ সম্বন্ধে দুশ্চিন্তা প্রকাশ করিত’- দুশ্চিন্তা প্রকাশের কারণ কী?**

(ক) সুভা জেদি

(খ) সুভা বোবা

(গ) সুভা অন্ধ

(ঘ) সুভা কালো

**৩২। কে বুঝেছে যে সে বিধাতার অভিশাপরূপে জন্মগ্রহণ করেছে?**

(ক) প্রতাপ

(খ) সুভার মা

(গ) সুভা

(ঘ) সুভার বোন

**৩৩। সাধারণের দৃষ্টিপথ থেকে কে নিজেকে গোপন করে রাখতে সবসময় চেষ্টা করত?**

(ক) সুভার পিতা

(খ) সুভার বোন

(গ) সুভার মা

(ঘ) সুভা

**৩৪। সুভা নিজেকে গোপন করে রাখতে সর্বদা চেষ্টা করত কেন?**

(ক) সুভা সুন্দর নয় বলে

(খ) সুভা কথা বলতে পারে না বলে

(গ) সুভা শিক্ষিত নয় বলে

(ঘ) সুভা ধনীর মেয়ে বলে

**৩৫। সবাই ভুলে গেলে কে বাঁচে?**

(ক) সুভাষিণী

(খ) সুহাসিনী

(গ) প্রতাপ

(ঘ) সুকেশিনী

**৩৬। কোনটি কেউ কখনো ভোলে না?**

(ক) মিথ্যা

(খ) অপরাধ

(গ) বেদনা

(ঘ) অন্যায়

**৩৭। পিতামাতার মনে সে সর্বদাই জাগরূক ছিল-কে?**

(ক) প্রতাপ

(খ) বাণীকণ্ঠ

(গ) সুকেশি

(ঘ) সুভা

**৩৮। তাহার মা তাহাকে নিজের একটা ত্রটিরূপ দেখিতেন-কাকে?**

(ক) সুকেশিকে

(খ) সুহাসিকে

(গ) সুভাকে

(ঘ) প্রতাপকে

**৩৯। মাতা পুত্র অপেক্ষা কাকে নিজের অংশরূপে দেখেন?**

(ক) স্বামীকে

(খ) পিতাকে

(গ) দেশকে

(ঘ) কন্যাকে

**৪০। কন্যার কোনো অসম্পূর্ণ দেখলে কে সেটাকে নিজের লজ্জার কারণ বলে মনে করেন?**

(ক) পিতা

(খ) মাতা

(গ) প্রতিবেশী

(ঘ) আত্মীয়স্বজন

**৪১। কে সুভাকে সুহাসিনী ও সুকেশিনী অপেক্ষা বেশি ভালোবাসেন?**

(ক) প্রতাপ

(খ) সুভার মাতা

(গ) সুভার পিতা

(ঘ) সর্বশী

**৪২। সুভার পিতার নাম কী?**

(ক) নীলকণ্ঠ

(খ) বাণীকণ্ঠ

(গ) বংশীকণ্ঠ

(ঘ) গোঁসাই মন্ডল

**৪৩। “কিন্তু মাতা তাহাকে নিজের গর্ভের কলঙ্ক জ্ঞান করিয়া তাহার প্রতি বড়ো বিরক্ত ছিলেন”-কার প্রতি?**

(ক) প্রতাপের প্রতি

(খ) সুকেশির প্রতি

(গ) সুভার প্রতি

(ঘ) সুনয়নার প্রতি

**৪৪। সুভার কী ছিল না?**

(ক) কথা

(খ) চোখ

(গ) হাত

(ঘ) পা

**৪৫। সুদীর্ঘপল্লববিশিষ্ট বড় বড় দুটি কালো চোখ ছিল কার?**

(ক) মমতাদির

(খ) সুভার

(গ) অপুর

(ঘ) অন্ধবধূর

৪৬। সুভার ওষ্ঠাধর ভাবের আভাসমাত্র কিসের মতো কেঁপে উঠত?

(ক) হরিণের

(খ) কচি কশিলয়ের

(গ) নির্জীবের মতো

(ঘ) অসহায়ের

৪৭। কথায় আমরা যে ভাব প্রকাশ করি তা আমাদের কী করতে হয়?

(ক) ভুলে যেতে হয়

(খ) ভালোবাসতে হয়

(গ) গড়ে তুলতে হয়

(ঘ) তর্জমা করতে হয়

৪৮। কিসের অভাবে অনেক সময় কথায় আমরা যে ভাব প্রকাশ করি তা ভুল হয়?

(ক) ক্ষমতার

(খ) তর্জমার

(গ) সময়ের

(ঘ) চিন্তার

৪৯। কেমন চোখকে কিছু তর্জমা করতে হয় না?

(ক) অন্ধ

(খ) বোবা

(গ) কালো

(ঘ) নীল

৫০। মন আপনি কার উপর ছায়া ফেলে?

(ক) কালো চোখের

(খ) সুন্দর হাতের

(গ) মায়াবী হাসির

(ঘ) সরল পথের

৫১। কখনো উজ্জ্বলভাবে জ্বলিয়া ওঠে-কী?

(ক) নীল চোখ

(খ) সুন্দর মুখ

(গ) কালো চোখ

(ঘ) উদ্ধত হাত

৫২। অস্তমান চন্দ্রের মতো অনিমেষভাবে চেয়ে থাকে কী?

(ক) কালো চোখ

(খ) নীল চোখ

(গ) বোবা চোখ

(ঘ) নির্জীব চোখ

৫৩। 'সুভা' গল্পে কালো চোখের সাথে সাদৃশ্য রয়েছে কিসের?

(ক) কচি কিশলয়ের

(খ) ক্ষমতার

(গ) উজ্জ্বল মণির

(ঘ) দ্রুত চঞ্চল বিদ্যুতের

৫৪। মুখের ভাব বৈ আজন্মকাল যাহার অন্য ভাষা নাই তাহার কিসের ভাষা অসীম উদার?

(ক) চোখের

(খ) মুখের

(গ) ঠোঁটের

(ঘ) হাসির

৫৫। 'সুভা' গল্প অনুসারে অতলস্পর্শ গভীর কী?

(ক) চোখের চাহনি

(খ) চোখের ভাষা

(গ) চোখের রং

(ঘ) চেতনা

৫৬। 'সুভা' গল্প অনুসারে স্বচ্ছ আকাশের সাথে সাদৃশ্য রয়েছে কিসের?

(ক) সুন্দর মুখের

(খ) সুন্দর চুলের

(গ) চোখের ভাষার

(ঘ) মুখের ভাষার

৫৭। ছায়ালোকের রঙ্গভূমি কেমন?

(ক) সুন্দর

(খ) নিস্তব্ধ

(গ) কোলাহলপূর্ণ

(ঘ) নির্জীব

৫৮। বাক্যহীন মানুষের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজন কী রয়েছে?

(ক) বন

(খ) মাঠ

(গ) মহত্ত্ব

(ঘ) আলো

৫৯। সাধারণ বালিকারা কাকে ভয় করত?

(ক) প্রতাপকে

(খ) সুভাকে

(গ) সুহাসিকে

(ঘ) সুকেশিকে

৬০। তাহার সহিত খেলা না-এখানে তাহার বলতে কার কথা বোঝানো হয়েছে?

(ক) সুহাসিকে

(খ) সুবর্ণকে

(গ) প্রতাপকে

(ঘ) সুভাকে

৬১। নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন কে?

(ক) প্রতাপ

**(খ) সুভা**

(গ) বাণীকণ্ঠ

(ঘ) সুকেশী

**৬২। নির্জন দ্বিপ্রহরের সাথে সাদৃশ্য রয়েছে কার?**

(ক) প্রতাপের

(খ) মিনুর

(গ) সবর্ণের

(ঘ) সুভার

**৬৩। সুভার গ্রামের নাম কী?**

(ক) শ্যামপুর

(খ) চন্ডীপুর

(গ) চন্দনপুর

(ঘ) চম্পকপুর

**৬৪। চণ্ডীপুর গ্রামে কার বাস?**

(ক) মমতাদির

(খ) অন্ধবধূর

(গ) সুভার

(ঘ) জরিমনের

**৬৫। চণ্ডীপুর গ্রামের নদীটির সাথে কিসের সাদৃশ্য রয়েছে**

(ক) কচি কিশলয়ের

(খ) স্বচ্ছ পদ্মার

(গ) গৃহস্থঘরের মেয়ের

(ঘ) মায়াবি চোখের

**৬৬। চন্ডীপুর গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া নদীটি কেমন?**

(ক) বড়

(খ) খুব বেশি প্রসারিত নয়

(গ) ছোট

(ঘ) খুব বেশি গভীর নয়

**৬৭। নদীর একেবারে উপরেই কার ঘর?**

(ক) প্রতাপদের

(খ) গোঁসাইদের

(গ) বাণীকণ্ঠের

(ঘ) ইন্দ্রজিৎদের

**৬৮। বাণীকণ্ঠের বাড়ির বেড়া কিসের**

(ক) বাঁখারির

(খ) কাঠের

(গ) টিনের

(ঘ) লোহার

**৬৯। বাণীকণ্ঠের বাড়ি কেমন?**

(ক) একচালা

(খ) দোচালা

(গ) আটচালা

(ঘ) মাটির

**৭০। বাণীকণ্ঠের বাড়ি কার দৃষ্টি আকর্ষণ করে?**

(ক) কৃষকের

(খ) গ্রামবাসীর

(গ) নৌকাবাহীর

(ঘ) জেলেদের

**৭১। 'কাজকর্মে যখনি অবসর পায় তখনি সে এই নদীতীরে আসিয়া বসে।'-কার কথা বলা হয়েছে?**

(ক) বাণীকণ্ঠের

(খ) সুভার

(গ) প্রতাপের

(ঘ) সুভার মায়ের

**৭২। সুভা অবসরে কোথায় বসে থাকে?**

(ক) রাস্তায়

(খ) বাগানে

(গ) নদীতীরে

(ঘ) পুকুরপাড়ে

**৭৩। প্রকৃতি কার, ভাষার অভাব পূরণ করে দেয়?**

(ক) প্রতাপের

(খ) সুভাষিণীর

(গ) সুহাসিনীর

(ঘ) সুকেশিনীর

**৭৪। সুভার হয়ে কথা বলে কে?**

(ক) সুভার মা

(খ) সুভার পিতা

(গ) প্রকৃতি

(ঘ) নদী

**৭৫। 'সভা' গল্প অনুসারে প্রকৃতির শব্দ এবং বিচিত্র গতি কী?**

(ক) অন্ধের চোখ

(খ) বোবার ভাষা

(গ) সুভার কথা

(ঘ) প্রকৃতির আর্তনাদ

**৭৬। ঝিল্লিরবপূর্ণ তৃণভূমি হতে শব্দতীত কোন লোক পর্যন্ত কেবল ইঙ্গিত, ভঙ্গি, সংগীত, ক্রন্দন এবং দীর্ঘ নিশ্বাস?**

(ক) ত্রিলোক

(খ) ভূলোক

(গ) নক্ষত্র লোক

(ঘ) সূর্যলোক

**৭৭। বোবা প্রকৃতির মুখোমুখি চুপ করে বসে থাকে কে?**

(ক) বাণীকণ্ঠ

(খ) প্রতাপ

(গ) সুভা

(ঘ) সুকেশি

**৭৮। সুভাদের গোয়ালে কয়টি গাভী?**

(ক) দুইটি

(খ) তিনটি

(গ) চারটি
(ঘ) পাঁচটি

**৭৯। সর্বশী ও পাঙ্গুলি কিসের নাম?**
(ক) নদীর
(খ) সুভার বোনদের
(গ) গাভীর
(ঘ) গ্রামের

**৮০। কার পদশব্দ গাভী দুটি চিনত?**
(ক) সুকেশিনীর
(খ) সুভার
(গ) সুহাসিনীর
(ঘ) বাণীকণ্ঠের

৮১। সর্বশীর সাথে সাদৃশ্য রয়েছে কার?
(ক) সুহাসিনীর
(খ) সুকেশিনীর
(গ) পাঙ্গুলির
(ঘ) ভাবনার

**৮২। মানুষ অপেক্ষা সুভাকে ভালো বুঝতে পারত-**
(ক) সুভার বান্ধবী
(খ) সুভার গাভী দুটি
(গ) নদীর জল
(ঘ) পুকুরের মাছ

**৮৩। সুভা নিয়মিত কত বার করে গোয়ালঘরে যায়?**
(ক) একবার
(খ) দুইবার
(গ) তিনবার
(ঘ) চারবার

**৮৪। কারা সুভার মর্মবেদনা বুঝতে পারত?**
(ক) সুভার পিতা-মাতা
(খ) সুভার বন্ধু প্রতাপ
(গ) সুভার গাভী দুটি
(ঘ) সুভার বোনেরা

**৮৫। কে সুভার গরম কোলটি নিঃসংকোচে অধিকার করে সুখনিদ্রার আয়োজন করত**
(ক) কুকুরছানা
(খ) বিড়ালছানা
(গ) ছাগলছানা
(ঘ) গরুর বাছুর

**৮৬। সুভার উন্নত শ্রেণির বন্ধুটি কে?**
(ক) সর্বশী
(খ) পাঙ্গুলি
(গ) প্রতাপ
(ঘ) বিড়ালছানা

**৮৭। ভাষাবিশিষ্ট জীব কে?**
(ক) সর্বশী
(খ) পাঙ্গুলি
(গ) প্রতাপ
(ঘ) পাংঘুড়ি

**৮৮। গোঁসাইদের ছোট ছেলেটির নাম কী?**
(ক) বাণীকণ্ঠ
(খ) প্রতাপ
(গ) মণি
(ঘ) মনোহর

**৮৯। লোকটি নিতান্ত অকর্মন্য-লোকটি কে?**
(ক) বাণীকণ্ঠ
(খ) মনোহর
(গ) মণি
(ঘ) প্রতাপ

**৯০। শহরের এক-আধটা গৃহসম্পর্কহীন সরকারি বাগানের সাথে কার সাদৃশ্য রয়েছে?**
(ক) প্রতাপের
(খ) সুকেশিনীর
(গ) বাণীকণ্ঠের
(ঘ) মণিকণ্ঠের

**৯১। প্রতাপের প্রধান শখ কী?**
(ক) খেলাধুলা করা
(খ) ছিপ ফেলে মাছ ধরা
(গ) ঘুরে বেড়ানো
(ঘ) গল্প করা

**৯২। সহজে অনেক সময় কাটানো যায় কীভাবে**
(ক) ঘুরে বেড়িয়ে
(খ) গল্প করে
(গ) ছিপ ফেলে মাছ ধরে
(ঘ) খেলাধুলা করে

**৯৩। কখন প্রতাপকে মাছ ধরতে দেখা যায়?**
(ক) সকালে
(খ) অপরাহ্নে
(গ) পূর্বাহ্নে
(ঘ) রাতে

**৯৪। প্রতাপের সাথে কার প্রায়ই সাক্ষাৎ হয়?**
(ক) সুকেশিনীর
(খ) সুহাসিনীর
(গ) সর্বর্ণার
(ঘ) সুভার

**৯৫। মাছ দরার সময় কেমন সঙ্গী সর্বাপেক্ষা শ্রেষ্ঠ?**
(ক) চালক

(খ) বাক্যহীন

(গ) অলস

(ঘ) বাচাল

৯৬। প্রতাপ অতিরিক্ত আদর সংযোগ করে সুভাকে কী বলে ডাকত?

(ক) সু

(খ) সুভাষী

(গ) ভাষী

(ঘ) সুনী

৯৭। সুভা কোথায় বসে প্রতাপের মাছ ধরা দেখত?

(ক) আমতলায়

(খ) জামতলায়

(গ) তেঁতুলতলায়

(ঘ) বকুলতলায়

৯৮। প্রতাপের জন্য সুভা কী নিয়ে আসত?

(ক) খাবার

(খ) পান

(গ) তামাক

(ঘ) হুঁকা

৯৯। সুভা মনে মনে কী প্রার্থনা করত?

(ক) খাবার

(খ) আদর

(গ) মমতা

(ঘ) অলৌকিক ক্ষমতা

১০০। সুভা জলকুমারী হলে কী করত?

(ক) প্রতাপকে ছিপে মাছ গেঁথে দিত

(খ) কথা বলত

(গ) ভালো পোশাক পরত

(ঘ) একটা মণি প্রতাপের জন্য ঘাটে রেখে দিত

১০১। পাতালে অট্টালিকা কিসের

(ক) রুপার

(খ) সোনার

(গ) পিতলের

(ঘ) তামার

১০২। পাতালের রুপার অট্টালিকায় কিসের পালঙ্ক?

(ক) সোনার

(খ) রুপার

(গ) তামার

(ঘ) পিতলের

১০৩। সুভা কাকে দেখানোর জন্য জলকুমারী হতে চায়?

(ক) বাণীকণ্ঠকে

(খ) মাকে

(গ) বোনকে

(ঘ) প্রতাপকে

১০৪।সে আপনাকে আপনি দেখিতেছে-কে?

(ক) বাণীকণ্ঠ

(খ) সুভা

(গ) প্রতাপ

(ঘ) সুকেশিনী

১০৫। কখন সুভা শয়নগৃহের দ্বার খুলে ভয়ে ভয়ে মুখ বাড়িয়ে বাইরে তাকিয়ে পুর্ণিমা দেখে?

(ক) রাতে

(খ) মধ্যরাতে

(গ) গভীর পুর্ণিমা রাতে

(ঘ) সন্ধ্যেবেলায়

১০৬। পূর্ণিমা প্রকৃতির সাথে নিঃসঙ্গতার দিক থেকে সাদৃশ্য রয়েছে?

(ক) প্রতাপের

(খ) সুকেশিনীর

(গ) সুভার

(ঘ) বাণীকণ্ঠের

১০৭। কাদের একঘরে করে দেওয়ার জনরব শোনা যায়?

(ক) প্রতাপদের

(খ) গোঁসাইদের

(গ) মন্ডলদের

(ঘ) বাণীকণ্ঠের

১০৮। বাণীকণ্ঠের কী ছিল?

(ক) বন্ধু

(খ) শত্রু

(গ) ছেলে

(ঘ) অভাব

১০৯। কিছু দিনের জন্য বাণীকণ্ঠ কোথায় গেল?

(ক) মেয়ের বাড়ি

(খ) বোনের বাড়ি

(গ) বিদেশ

(ঘ) গ্রামের বাড়ি

১১০। বাণীকণ্ঠ ফিরে এসে সবাইকে নিয়ে কোথায় যাওয়ার কথা বলে?

(ক) গ্রামের বাড়ি

(খ) বাংলাদেশ

(গ) বিদেশ

(ঘ) কলকাতা

১১১। প্রতাপ সুভাকে কী পাওয়া গেছে বলে?

(ক) মাছ

(খ) বর

(গ) বন্ধু

(ঘ) বাড়ি

১১২। সুভা প্রতাপের দিকে কেমন করে তাকায়?

(ক) নির্জীব জীবের মতো
(খ) মর্মবিদ্ধ হরিণী ব্যাধের দিকে যেভাবে তাকায়
(গ) শিকারি বাঘের দিকে যেভাবে তাকায়
(ঘ) জেলে মাছের দিকে যেভাবে তাকায়

**১১৩। সুভা কার পায়ের কাছে বসে কাঁদে?**
(ক) প্রতাপের
(খ) প্রতিবেশির
(গ) বাণীকণ্ঠের
(ঘ) পাঙ্গুলির

**১১৪। সুভা রাতে ঘর থেকে বের হয়ে নদীতটে লুটিয়ে পড়ে। তখন ছিল-**
(ক) তৃতীয়া চতর্দশী
(খ) শুক্লাদ্বাদশীর রাত্রি
(গ) অমবস্যার রাত্রি
(ঘ) সাধারণ রাত্রি

**১১৫। সুভা ঘর থেকে বের হয়ে কোথায় লুটিয়ে পড়ে?**
(ক) গোয়ালঘরে
(খ) বাগানে
(গ) তেঁতুলতলায়
(ঘ) নদীতটে

**১১৬। সুভা ঘর থেকে বের হয়ে নদীতটে গিয়ে লুটিয়ে পড়ে কেন?**
(ক) নদীর প্রতি রাগে
(খ) কথা বলতে না পারায়
(গ) কলকাতায় যেতে চায় না তাই
(ঘ) প্রতাপের ওপর রাগ করে

**১১৭। 'ঝিল্লিরবপূর্ণ' অর্থ কী?**
(ক) ঝিঁঝিঁ পোকার আওয়াজ
(খ) শব্দ
(গ) পাখির ডাক
(ঘ) বাঘের ডাক

**১১৮। 'মূক' বলতে বোঝায়-**
(ক) অন্ধ
(খ) চেহারাহীন
(গ) বোবা
(ঘ) অসহায়

**১১৯। চাঁদের পরিপূর্ণ রূপ হওয়ার সময়কে কী বলে?**
(ক) শুক্লাদ্বাদশী
(খ) চতুর্দশী
(গ) একাদশী
(ঘ) পূর্ণিমা তিথি

**১২০। 'গন্ডদেশ' অর্থ কী?**
(ক) চোখের পাতা
(খ) নয়ন
(গ) গাছের পাতা
(ঘ) হাতের পাতা

**১২১। 'নেত্রপল্লব' বলতে কী বোঝ?**
(ক) চোখের পাতা
(খ) নয়ন
(গ) গাছের
(ঘ) হাতের পাতা

**১২২। 'সুভা' গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংকলিত?**
(ক) গল্পগুচ্ছ
(খ) মানসী
(গ) বলাকা
(ঘ) বিচিত্র প্রবন্ধ

**১২৩। কে কথা বলতে পারে না?**
(ক) সুহাসিনী
(খ) সুভা
(গ) সুকেশিনী
(ঘ) বাণীকণ্ঠ

**১২৪। মেয়ের বোবা হওয়ার পিছনে সুভার মা কার দোষ দেন?**
(ক) সুভার
(খ) সুভার বাবার
(গ) নিয়তির
(ঘ) পূর্বজন্মের

**১২৫। বিপুল নির্বাক প্রকৃতির কাছে সে পায় মুক্তির আনন্দ-সে কে?**
(ক) প্রতাপ
(খ) সুভা
(গ) সুকেশিনী
(ঘ) বাণীকণ্ঠ

**১২৬। রবীন্দ্রনাথ ঠাকুর 'সুভা' গল্পটির মধ্য দিয়ে প্রতিবন্ধী মানুষের আশ্রয়ের জন্য কী তৈরি করেছেন?**
(ক) জগৎ
(খ) বাড়ি
(গ) দেশ
(ঘ) স্বপ্ন

**১২৭। যে কথা না সে যে অনুভব করে ইহা সকলের মনে হয় না- এ বাক্যে প্রকাশ পেয়েছে-**
i. বাক্‌প্রতিবন্ধীর প্রতি সমাজের মানুষের অবহেলা
ii. যে কথা বলতে পারে না তারও অনুভব শক্তি রয়েছে
iii. নির্বাক প্রাণীর প্রতি মমত্ববোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১২৮। সুভা বিধাতার অভিশাপরূপে পিতার ঘরে জন্মগ্রহণ করেছে, একথা সুভা শিশুকাল থেকে জানে-**

i. মায়ের বিরক্ত হওয়া দেখে
ii. সকলের কথা শুনে
iii. সকলের দুশ্চিন্তা দেখে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১২৯। কালো চোখকে তর্জমা করতে হয় না, কারণ-**

i. মনের কথা চোখে ওপর ছায়া ফেলে
ii. চোখ
iii. হাসে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩০। প্রকৃতির সাথে সুভার সাদৃশ্য রয়েয়ে-**

i. বিবিধ শব্দে
ii. বিচিত্র গতিতে
iii. নীরবতায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩১। বোবা প্রকৃতি এবং বোবা মেয়ে মুখোমখি চুপ করে বসে থাকতে, যখন-**

i. সমস্ত প্রকৃতি সরব থাকত
ii. যখন কোথাও কেউ থাকত না
iii. যখন সবাই বিশ্রামে থাকত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩২। সর্বশী ও পাঙ্গুলি সুভার কথা বুঝত, কারণ-**

i. তারাও ছিল বাকহীন
ii. তাদের প্রতি সুভার ভালোবাসা তারা বুঝতে
iii. সুভা তাদের সাথে কথা বলত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩৩। ইতর প্রাণীর সাথে সুভার বন্ধুত্ব প্রমাণ করে-**

i. ইতর প্রাণী প্রতি সুভার মমত্ববোধ
ii. সুভার হৃদয় স্নেহ পূর্ণ
iii. সুভার সঙ্গে প্রাণীগুলো আত্মিক সংযোগ গভীর

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩৪। প্রতাপ সম্পর্কে সত্য হলো-**

i. সে ধনীর সন্তান
ii. সে অলস প্রকৃতির ছেলে
iii. মাছ ধরা তার নেশা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

**১৩৫। প্রতাপে মনোযোগ আকর্ষণ করার জন্য**

i. প্রতাপকে নিজের প্রতিপক্ষ দেখাতে
ii. প্রতাপকে নিজের প্রতিপক্ষ দেখাতে
iii. প্রতাপকে নিজের বশে আনার জন্য

নিচের কোনটি সঠিক?

(ক) i
(খ) i ও ii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**১৩৬। ক্রমে সুভা নিজেকে অনুভব করতে পারছে**

i. কারণ তার বয়স বাড়ছে
ii. কারণ সে নিজের পরিবর্তন বুঝতে পারছে
iii. কারণ তার শরীরের সাথে সাথে তার চেতনারও পরিবর্তন ঘটেছে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**১৩৭। 'লোকেও নিন্দা আরম্ভ করিয়াছে।' এ বাক্যের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে-**

i. কন্যাভারগ্রস্ত পিতার অবস্থা

ii. সমাজের মানুষের চিন্তা-চেতনা

iii. সুভার অবস্থা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**১৩৮। সুভা নদীতটে শষ্পশয্যায় পড়ল, কারণ-**

i. নদী তার ছোটবেলার সঙ্গী

ii. নদীপ নীরবতার আর তার নীরবতা মিশেমিশে একাকার হয়ে যায়

iii. নদীর শূন্যতার মধ্যে নিজের নির্বারক দুঃখ গুলো মিশিয়ে দিতে পারে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**১৩৯। সুভার সাথে সাদৃশ্য রয়েছে-**

i. প্রকৃতির

ii. নদীর

iii. প্রতাপের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪০ ও ১৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

হঠাৎ পেছনে চেয়ে দিখি একটি কুকুর আমার পেছনে চলেছে।... বললাম তাবে আয় আমার সঙ্গে... বাড়ির সম্মখে এসে পৌছলাম। গেট খুলে দিয়ে ডাকলাম। ভেতরে আয়।

**১৪০। উদ্দীপকের কথকের সাথে 'সুভা' গল্পের কার মিল রয়েছে?**

(ক) সুকেশিনীর

(খ) সুহাসিনীর

(গ) সুবর্ণার

(ঘ) সুভার

**১৪১। এ মিলে কারণ-**

i. ইতর প্রাণীর প্রতি ভালোবাসা

ii. ইতর প্রাণীর যত্ন করা

iii. পোষা প্রাণীর প্রতি খারাপ আচরণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি ১৪২ ও ১৪৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আরিফ সাহেবের দুই পুত্র, এক কন্যা। দুই পুত্র পড়ালেখারয় খুব ভালো, কিন্তু মেয়েটি চোখে দেখতে পায় না। দিন দিন সে যত বড় হচ্ছে, কিন্তু মেয়েটি চোখে দেখতে পায় না। দিন দিন সে যথ বড় হচ্ছে আরিফের সাহেব তত দুশ্চিন্তাগ্রস্থ হয়ে পড়ছেন।

**১৪২। উদ্দীপকের আরিফ সাহেব 'সুভা' গল্পে কার প্রতিনিধিত্ব করেন?**

(ক) বাণীকণ্ঠে

(খ) গোঁসাইদের

(গ) সুভার বোনের

(ঘ) প্রতাপের পিতার

**১৪৩। উভয় পিতার মাঝে যেসব বিষয়ের মিল রয়েছে-**

i. উভয়েরই সন্তান প্রতিবন্ধী

ii. উভেয়ই দুশ্চন্তাগ্রস্ত

iii. উভয়েই সুস্থ কন্যার পিতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪৪ ও ১৪৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মনিরা কথা বলতে পারে না। মা মনিরার এমন অবস্থার জন্য নিজেকে দায়ী মনে করে। তাই মরিরাকে দেখতে পারে না। আত্নীয় প্রতিবেশীরাও তাকে অবহেলা করে। অবলা জীব ও প্রকৃতির সাথে মনিরা তার সুখ-দুঃখ ভাগাভাগি করে নেয়।

**১৪৪। উদ্দীপকটি তোমার পঠিত কোন গল্পের কোন গল্পের কথা মনে করিয়ে দেয়?**

(ক) মমতাদি

(খ) অভাগীর স্বর্গ

(গ) সুভা

(ঘ) নিমগাছ

**১৪৫। মনে করিয়ে দেওয়ার কারণ-**

i. প্রতিবন্ধিত্বের কষ্ট

ii. প্রকৃতির সাথে নিজেকে মিশিয়ে দেওয়া

iii. আত্মীয়-স্বজনদের অবহেলা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪৬ ও ১৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

রাজ্জাক অলস প্রকৃতির ছেলে। সারাদিন ঘুড়ি উড়িয়ে তার দিন কাটে। চাচাতো বোন মিতু তার একমাত্র সঙ্গী

**১৪৬। উদ্দীপকের রাজ্জাকে সাথে 'সুভা' গল্পের কার সাদৃশ্য রয়েছে?**

(ক) সুভার

(খ) বাণীকণ্ঠের

(গ) প্রতাপের

(ঘ) গোঁসাইদের বড় ছেলের

**১৪৭। তারা দুইজই-**

i. সংসার উদাসী

ii. অলস

iii. পরপোকারী

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

## সৃজনশীল প্রশ্নের উত্তর

০১। দুই সন্তানের পর কন্যা সন্তান পলাশ বাবুর পরিবারে আনন্দের বন্যা নিয়ে এলো। নাম রাখা হলো 'কল্যাণী'। সকলের চোখের মণি কল্যাণী বেড়ে ওঠার সাথে সাথে পলাশ বাবু বুঝতে পারলেন বয়সের তুলনায় কল্যাণীর মানসিক বিকাশ ঘটে নি। কিছু বললে ফ্যাল্‌ফ্যাল্ করে চেয়ে থাকে। কল্যাণীর বিয়ের কথাবার্তা চলছে। পলাশ বাবু কল্যাণীর সবই বরপক্ষকে খুলে বললেন। সব শুনে বরের বাবা সুবোধ বাবু বললেন, 'পলাশ বাবু কল্যাণীর মতো আমার ছেলেও তো হতে পারত, কাজেই কল্যাণী মাকে ঘরে নিতে আমাদের কোনো আপত্তি নেই।'

(ক) সুভার গ্রামের নাম কী?

(খ) 'পিতা-মাতার নীরব হৃদয়ভার'—কথাটি দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন?

(গ) উদ্দীপকের প্রথম অংশের বক্তব্যে কল্যাণী ও সুভার যে বিশেষ দিকটির সঙ্গতি দেখানো হয়েছে– তা ব্যাখ্যা কর।

(ঘ) কল্যাণী ও সুভা একই পরিস্থিতির শিকার হলেও উভয়ের প্রেক্ষাপট ও পরিণতি ভিন্ন– বিশ্লেষণ কর।

**➲ ১নং প্রশ্নের উত্তর ➲**

(ক) সুভার গ্রামের নাম চণ্ডীপুর।

(খ) 'পিতা-মাতার নীরব হৃদয়ভার'– কথাটির মধ্য দিয়ে বাক প্রতিবন্ধী সুভার বিয়ের বয়স হওয়া সত্ত্বেও বিয়ে দিতে না পারায় পিতা-মাতার হৃদয়ে যে নীরব কষ্টের সৃষ্টি হয় লেখক সে কষ্টের কথা বুঝিয়েছেন। সুভা বাণীকণ্ঠের ছোট মেয়ে। সে কথা বলতে পারে না। বাণীকণ্ঠ তার বড় দুই মেয়েকে বিয়ে দিয়েছেন। কিন্তু বাক প্রতিবন্ধী হওয়ায় বড় দুই মেয়ের মতো সুভার বিয়ে দিতে পারেননি। সুভার ভবিষ্যৎ নিয়ে বাণীকণ্ঠ ও তার স্ত্রী উভয়েই চিন্তিত। সন্তানের ভবিষ্যৎ চিন্তা করে তাদের হৃদয়ে নীরব কষ্টের সৃষ্টি হয়। লেখক কষ্টকেই বলেছেন পিতা-মাতার নীরব হৃদয়ভার।

(গ) উদ্দীপকের প্রথম অংশের বক্তব্যে কল্যাণী ও সুভার শারীরিক প্রতিবন্ধিতার দিকটির সংগতি দেখানো হয়েছে। শারীরিক প্রতিবন্ধিতার কারণে মানুষ আমাদের সমাজে অবহেলার শিকার হয়। এতে সমাজের মানুষের হীনম্মন্যতার পরিচয় প্রকাশ পায়। আমাদের সবারই প্রতিবন্ধীদের প্রতি সহানুভূশীল হতে হবে। তবেই তারা বিকশিত হবে ও সুন্দরভাবে বাস করতে পারবে সমাজে। 'সুভা' গল্পে সুভা কথা বলতে পারে না। তার জন্ম বাবা-মায়ের মাঝে আনন্দের বার্তা নিয়ে এলেও কথা না বলতে পারার বিষয়টি কিছুটা নীরব হৃদয়ভারের জন্ম দেয়। উদ্দীপকের কল্যাণীর জন্মও পরিবারের আনন্দের বন্যা নিয়ে আসে। কিন্তু তার মানসিক প্রতিবন্ধিতার দিকটি সবাইকে চিন্তিত করে তোলে। উদ্দীপকের কল্যাণীর মানসিক বিকাশ কিছুটা কম হয়েছে। 'সুভা' গল্পের সুভাও বাকপ্রতিবন্ধী হওয়ায় তার পরিবারের সবার দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। উদ্দীপকের বক্তব্যে কল্যাণী ও সুভার প্রতিবন্ধিতার দিকটির মিল দেখানো হয়েছে।

(ঘ) কল্যাণী ও সুভা একই পরিস্থিতির শিকার হলেও উভয়ের প্রেক্ষাপট ও পরিণতি ভিন্ন– মন্তব্যটি যথার্থ। শারীরিক প্রতিবন্ধী মানুষেরা আমাদের সমাজে বিভিন্নভাবে অবহেলার সম্মুখীন হয়। তারা আমাদের সমাজেরই অংশ। তারা আমাদের মতোই মানুষ। তাদের কল্যাণে এগিয়ে আসা

আমাদের নৈতিক দায়িত্ব। আমাদের সহানুভূতি ও মমত্ববোধে তারা পাবে জীবনের পূর্ণতা। উদ্দীপকে কল্যাণীর মানসিক বিকাশ সঠিকভাবে ঘটেনি। বিয়ের কথাবার্তার সময় কল্যাণীর বাবা পলাশ বাবু বরপক্ষের কাছে সব কথা খুলে বলেন। তারা সব শুনে উদারতার পরিচয় দেন। বরের বাবা সুবোধ বাবু মহত্ত্বের পরিচয় দিয়ে কল্যাণীকে ঘরে নিয়ে যেতে চান। অন্যদিকে 'সুভা' গল্পের সুভা বাকপ্রতিবন্ধী। সে কথা বলতে পারে না। সবার কাছ থেকে অবহেলা পেলেও সুভা তার বাবার ভালোবাসা পেয়েছে। সুভার সাথে কেউ মেশে না বলে সে পোষা প্রাণীদের মাঝে নিজের একটি বিশাল জগৎ তৈরি করেছে। উদ্দীপকের কল্যাণী ও 'সুভা' গল্পের সুভা একই পরিস্থিতির শিকার হলেও উভয়ের প্রেক্ষাপট ও পরিণতি ভিন্ন। কল্যাণী সুবোধ বাবুর উদারতায় পেয়েছে সুন্দর ভবিষ্যতের সন্ধান। কিন্তু 'সুভা' গল্পের সুভার পরিণতি এতটা মানবিকতায় সিক্ত হয়নি। তাই বলা যায়, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

০২। আনুর মা ডাক্তারের দৃষ্টি অনুসরণ করে দেখে ব'লে উঠল, আপনি বলুন ডাক্তার বাবু, আপনি বলুন। ও হতভাগী কালা-বোবা। সকলের মুখে ফুটে উঠল অদ্ভুত অভিব্যক্তি, বিস্ময়, করুণা, হয়তো কিছুখানি তাচ্ছিল্য আছে তার মধ্যে। ডাক্তারের মুখে তার প্রকাশ সবচেয়ে কম। এ সন্দেহ তার হয়েছিল।

(ক) সুভা কোথায় বসে থাকত?

(খ) "কিন্তু তাহার পদশব্দ তাহারা চিনিত"— বাক্যটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের বোবা মেয়েটি 'সুভা' গল্পের কোন চরিত্রের অনুরূপ তা নিরূপণ কর।

(ঘ) "সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'সুভা' গল্পের সম্পূর্ণ ভাব প্রকাশ করে না।"— যথার্থতা মূল্যায়ন কর।

### ➲ ২নং প্রশ্নের উত্তর ☪

(ক) সুভা তেঁতুলতলায় বসে থাকত।

(খ) গোয়ালের গাভী দুটির সাথে সুভার সম্পর্ক বোঝাতে প্রশ্নোক্ত বাক্যটি ব্যবহৃত হয়েছে। সুভা বিশেষ চাহিদাসম্পন্ন এক বালিকা। সে কথা বলতে পারে না বলে তার কোনো বন্ধু বা সাথি নেই। সবাই তাকে এড়িয়ে চলে। সুভা তাই তাদের গাভী সর্বশী ও পাঙ্গুলির সাথে সখ্য গড়ে তোলে। তারা সুভার মুখে কখনো কথা শোনেনি কিন্তু তার পায়ের শব্দ তারা চিনত। সুভার না বলা কথাগুলো এরা সহজে বুঝতে পারত, যা মানুষ বুঝত না বা বুঝতে চাইত না। লেখক এখানে বিশেষ চাহিদাসম্পন্নদের অনুভূতির তীব্রতার দিকটি উন্মোচন করেছেন।

(গ) উদ্দীপকের বোবা মেয়েটি 'সুভা' গল্পের সুভার অনুরূপ। আমাদের সমাজ বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সচরাচর কেউ সহানুভূতি দেখায় না। ফলে তাদের প্রতিভা বিকশিত হওয়ার সুযোগ হারিয়ে যায়। আর এই কারণেই তারা মাঝে মাঝে মানুষের দ্বারা আঘাতপ্রাপ্ত হয়। উদ্দীপকের কালা-বোবা মেয়ে আনু বড়ই অসহায়। শারীরিক প্রতিবন্ধী হওয়ার কারণে সে সবার অবহেলার শিকার হয়েছে। মায়ের কথায় তার প্রতি তাচ্ছিল্য ভাব প্রকাশিত হয়েছে। 'সুভা' গল্পের সুভাও সবার কাছ থেকে পেয়েছে শুধু অবহেলা। সবাই মনে করে সুভা কথা বলতে পারে না, তাই সে কিছু অনুভব করতে পারে না। তার সামনেই সবাই তার ভবিষ্যৎ দুশ্চিন্তার কথা প্রকাশ করে, যা সুভার মনকে অনেক ছোট করে দেয়। কথা বলতে না পারাটা তার কাছে অভিশাপের মতো মনে হয়। তাই উদ্দীপকের বোবা মেয়েটিকে 'সুভা' গল্পের সুভার অনুরূপ বলা যায়।

(ঘ) "সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'সুভা' গল্পের সম্পূর্ণ ভাব প্রকাশ করে না।"— মন্তব্যটি যথার্থ। অসহায় মানুষের প্রতি সহমর্মিতা প্রকাশ করতে হবে। তাদের কষ্টে নিজেকে একাত্ম করতে হবে। তারাও যে সব ক্ষেত্রে পিছিয়ে থাকবে না এই আত্মবিশ্বাস জাগিয়ে তুলতে হবে। তবেই পৃথিবী আরও আনন্দময় হয়ে উঠবে। উদ্দীপকে আনুর মায়ের কথায় শারীরিক প্রতিবন্ধী মেয়েটির প্রতি তাচ্ছিল্য ভাব প্রকাশিত হয়েছে। মেয়েটি কথা বলতে পারে না বলে তাকে অবহেলার শিকার হতে হয়েছে। উদ্দীপকের এ বিষয়টি 'সুভা' গল্পেও প্রতিফলিত হয়েছে। গল্পের সুভা জন্ম থেকেই বাকপ্রতিবন্ধী। গল্পে লেখক শুধু সুভার কষ্ট ও অসহায়ত্বই প্রকাশ করেননি, তিনি বাকপ্রতিবন্ধী মানুষের জন্য হৃদয় নিংড়ানো ভালোবাসা ও মমত্ববোধের উন্মেষ ঘটাতে চেয়েছেন। সুভার মা নিয়তিকে দোষ দিলেও তার বাবা তাকে অনেক ভালোবেসেছেন। সুভার সাথে কেউ মেশে না বলে সে পোষা প্রাণীদের আপন করে নিয়েছে। তাদের কাছে সুভা ছিল অনেক মুখর। নির্বাক প্রকৃতির কাছে সে মুক্তির আনন্দ পেয়েছে। উদ্দীপকটি 'সুভা' গল্পের সুভাষিণীর কথা অর্থাৎ সুভার কথা স্মরণ করিয়ে দেয়। অপরদিকে 'সুভা' গল্পের মাধ্যমে গল্পকার পৃথিবীর সব শারীরিক প্রতিবন্ধী মানুষের প্রতি মমত্ববোধ প্রকাশ করতে চেয়েছেন। 'সুভা' গল্পে সুবিধাবঞ্চিত মানুষের সার্বিক দিক প্রতিফলিত হয়েছে। 'সুভা' গল্পের মাধ্যমে লেখক মূলত মানুষের সহানুভূতি জাগিয়ে তুলেছেন এবং প্রতিবন্ধী মানুষের জন্য একটি আশ্রয়ের জগৎ' তৈরি করতে চেয়েছেন। এসব বিষয় উদ্দীপকে অনুপস্থিত। তাই বলা যায়, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

০৩। মা-মরা মেয়ে মিনু। বাবা জন্মের আগেই মারা গেছে। সে মানুষ হচ্ছে এক দূরসম্পর্কের পিসিমার বাড়িতে। বয়স মাত্র দশ, কিন্তু এই বয়সেই সবরকম কাজ করতে পারে সে। সবরকম কাজই করতে হয়। লোকে অবশ্য বলে যোগেন বসাক মহৎ লোক বলেই অনাথা বোবা মেয়েটাকে আশ্রয় দিয়েছেন।

(ক) গোঁসাইদের ছোট ছেলেটির নাম কী?

(খ) সুভা মনে মনে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের মিনু 'সুভা' গল্পের কোন চরিত্রের প্রতীক? নিরূপন কর।

(ঘ) "উদ্দীপকের মিনুর সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্য থাকলেও সুভার জগৎটি ভিন্ন।"— উক্তিটি বিশ্লেষণ কর।

**➲ ৩নং প্রশ্নের উত্তর ☾**

(ক) গোঁসাইদের ছোট ছেলেটির নাম প্রতাপ।

(খ) প্রতাপের কাছে নিজের প্রয়োজনীয়তা বোঝানোর জন্য সুভা মনে মনে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত। প্রতাপ যখন ছিপ ফেলে জলের দিকে চেয়ে থাকত তখন সুভা তার কাজে সাহায্য করতে চাইত। সে কাজের মাধ্যমে জানিয়ে দিতে চাইত যে এই পৃথিবীতে সেও একজন প্রয়োজনীয় লোক। কিন্তু সুভা কিছুই করতে পারত না। আর সে কারণেই সে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত— যাতে অলৌকিক ক্ষমতাবলে কোনো একটি কাজ করে সে প্রতাপের দৃষ্টি আকর্ষণ করতে পারে।

(গ) উদ্দীপকের মিনু 'সুভা' গল্পের সুভা চরিত্রের প্রতীক। আমাদের সমাজে অনেক মানুষ যারা শারীরিক ও মানসিকভাবে সুবিধাবঞ্চিত। তবে অনেকের মাঝেই পার্থক্য পরিলক্ষিত হয় অবস্থানগত প্রেক্ষাপটের দিক থেকে। আমাদের সবার উচিত তাদের প্রতি সহমর্মিতা প্রদর্শন করা। উদ্দীপকের মিনু সুবিধাবঞ্চিত শিশু। সে কথা বলতে পারে না। শারীরিক এই অক্ষমতা নিয়ে তার আশ্রয় হয় দূরসম্পর্কের পিসিমার বাড়িতে। কথা না বলতে পারলেও সবরকম কাজ সে করতে পারে। 'সুভা' গল্পে সুভা কথা বলতে পারে না। সবার কাছ থেকে যায় শুধু অবহেলা। বোবা বলে সুভা নিজেকে সবার কাছ থেকে গুটিয়ে রাখে। কথা বলতে না পারার কষ্ট সুভা নিজের মাঝে বয়ে বেড়ায়। সবাই যখন সুভার কথা না বলতে পারার দিকটিকে ইঙ্গিত করত, তখন সে নিজেকে বিধাতার অভিশাপ হিসেবে মনে করত। এ কারণেই উদ্দীপকের মিনু 'সুভা' গল্পের সুভা চরিত্রের প্রতীক।

(ঘ) "উদ্দীপকের মিনুর সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্য থাকলেও সুভার জগৎটি ভিন্ন।"— উক্তিটি যথার্থ। সমাজের কিছু মানুষ তাদের শারীরিক প্রতিবন্ধিতার কারণে অবহেলার শিকার হন। মানুষের অবহেলার কারণে তাদের কষ্টের সীমা থাকে না। আমাদের সবার উচিত তাদের প্রতি সহানুভূতিশীল হওয়া। উদ্দীপকের মিনু বাক্‌প্রতিবন্ধী শিশু। বাবাকে জন্মের আগেই হারিয়ে মিনুর স্থান হয় দূরসম্পর্কের পিসিমার বাড়িতে। মিনুর বয়স মাত্র দশ বছর হলেও সে সবরকম কাজ করতে পারে। পিসিমার বাড়িতে থাকার কারণে এই কষ্ট তাকে মেনে নিতে হয়েছে। 'সুভা' গল্পের সুভাও কথা বলতে পারে না। ছোট থেকেই নিজের এই অভিশাপকে মেনে নিয়েছে সুভা। সুভার পিতা-মাতার মনেও সর্বদা এই বিষয়টি নিয়ে দুশ্চিন্তা বিরাজমান ছিল। বড় দুটি বোনের বিয়ে হয়ে গেলেও সুভাকে নিয়ে তার পিতা-মাতার মাঝে কিছুটা নীরব হৃদয়ভার ছিল। অবশ্য বাবা-মার সাথে থেকে সুভা কখনো নিজেকে অসহায় বোধ করেনি। বরং সুভাকে যেন তার বাবা অন্য মেয়েদের চেয়ে একটু বেশি ভালোবাসতেন। কিন্তু সে কথা বলতে পারে না বলে কেউ তার সঙ্গে মিশত না। কথা বলতে না পারার দিক থেকে উদ্দীপকের মিনুর সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্য থাকলেও সুভার জগৎটি ভিন্ন ছিল। কারণ মিনু বড় হয়েছে পিসিমার আশ্রয়ে। সেখানে তাকে কষ্ট সহ্য করতে হয়েছে। কিন্তু 'সুভা' গল্পের সুভা বড় হয়েছে মা-বাবার ভালোবাসায় এক ভিন্ন জগতে। তাই উক্তিটি যথার্থ।

০৪। 'সেই ছেলেটি' নাটিকাটিতে একটি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর প্রতি সহানুভূতি প্রকাশ পেয়েছে। একই সাথে প্রকাশ পেয়েছে শিশুর প্রতি বড়দের মমত্ববোধ। আরজু, সোমেন ও সাবু তিন বন্ধু একই স্কুলে একই শ্রেণিতে পড়ে। কিন্তু বিদ্যালয়ে হেঁটে আসতে আরজুর খুব কষ্ট হয়। মাঝে মাঝে তার পা অবশ হয়ে আসে। বন্ধুদের সাথে সমান তালে চলতে পারে না।

(ক) 'সুভা' গল্পে কোন তিথির কথা উল্লেখ আছে?

(খ) প্রতাপ সুভার মতো সঙ্গী প্রত্যাশা করেছে কেন? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের সাথে 'সুভা' গল্পের সাদৃশ্য চিহ্নিত কর।

(ঘ) উদ্দীপকের আরজুর কষ্ট আর 'সুভা' গল্পের সুভার কষ্ট এক সুতোয় গাঁথা— মন্তব্যটি তুমি সমর্থন কর কি? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন কর।

**➲ ৪নং প্রশ্নের উত্তর ☾**

(ক) 'সুভা' গল্পে শুক্লাদ্বাদশীর তিথির কথা উল্লেখ আছে।

(খ) মাছ ধরার সময় প্রতাপ সুভার মতো সঙ্গী প্রত্যাশা করেছে, কারণ সুভা নিশ্চুপ থাকে। সুভা কথা বলতে পারে না। তার এই নিশ্চুপ বথাকার বিষয়টি প্রতাপের মাছ ধরার ক্ষেত্রে কোনো সমস্যার সৃষ্টি করে না। তাই প্রতাপ যখন ছিপ ফেলে জলের দিকে চেয়ে থাকত তখন সুভার উপস্থিতিতে

বিরক্ত হতো না। কারণ সুভা কথা বলতে না পারায় কোনো শব্দ হয় না। মাছ ধরার সময় প্রতাপ এমনই এক সঙ্গীর প্রত্যাশা করেছে। সে মনে করে মাছ ধরার সময় নিশ্চুপ সঙ্গী সবচেয়ে ভালো।

(গ) উদ্দীপকের সাথে 'সুভা' গল্পের শারীরিক সুবিধাবঞ্চিতদের প্রতি মানুষের সহানুভূতির বিষয়টির সাদৃশ্য রয়েছে। শারীরিক প্রতিবন্ধীদের প্রতি আমাদের হৃদয় নিংড়ানো ভালোবাসা ও মমত্ববোধ জাগ্রত করতে হবে। তাদের মধ্যে কথা বলতে না পারা, কানে শুনতে না পারা, দৃষ্টিশক্তিহীনতা, হাত-পা বা শরীরের অন্য কোনো অঙ্গের সমস্যা হতে পারে। আমাদের সেবা ও মানবীয় সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা উচিত। উদ্দীপকে বিশেষ চাহিদাসম্পন্ন একটি শিশু আরজুর সমস্যা ও মনঃকষ্টের কথা বর্ণনা করা রয়েছে। তার প্রতি বড়দের মমত্ববোধও লক্ষ করা যায়। পায়ে সমস্যা থাকার কারণে অন্য বন্ধুদের সাথে স্কুলে হেঁটে আসতে তার কষ্ট হয়। পা অবশ হয়ে আসায় সবার সাথে সমানতালে চলতে পারে না। তার এ পরিস্থিতিতে সবাই সহানুভূতি ও মমত্ববোধ প্রকাশ করেছে। 'সুভা' গল্পে সুভা কথা বলতে পারে না। তার মা এটাকে নিয়তির দোষ মনে করলেও বাবা তাকে অনেক ভালোবাসেন। কেউ তার সঙ্গে মেশে না, খেলাধুলা করে না, তার সামনেই তার কথা না বলতে পারার বিষয়টি নিয়ে আলোচনা করে। কেউ পাশে না থাকলেও সুভার বাবা ভালোবাসায় সিক্ত হয়ে সহানুভূতির হাত বাড়িয়ে দিয়েছেন। আর সহানুভূতির বিষয়টি উদ্দীপকটিকে 'সুভা' গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ করে তুলেছে।

(ঘ) "উদ্দীপকের আরজুর কষ্ট আর 'সুভা' গল্পের সুভার কষ্ট এক সুতোয় গাঁথা।"— মন্তব্যটি আমি সমর্থন করি। প্রতিবন্ধী শিশু-কিশোর আমাদের সমাজের মানুষ। তারা শারীরিক সীমাবদ্ধতার কারণে নিজেদের গুটিয়ে রাখতে ভালোবাসে। আমাদের সবার সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে তাদের পাশে দাঁড়ানো উচিত। উদ্দীপকের আরজুর পায়ে সমস্যা থাকার জন্য হেঁটে স্কুলে আসতে কষ্ট হয়অ তার অন্য বন্ধুদের সাথে সে সমান তালে চলতে পারে না, পা অবশ হয়ে আসে। এ কারণে আরজু প্রচন্ড কষ্ট পায়। 'সুভা' গল্পের সুভাও কথা বলতে পারে না। এজন্য কেউ তার সাথে মেশে না। সবাই সুভার সামনেই তার ভবিষ্যৎ অনিশ্চয়তার কথা বলে। যার জন্য সে একা একা থেকে নিজের একটি জগৎ তৈরি করে নেয়। শারীরিক সীমাবদ্ধতার কারণে সুভা মনে মনে অনেক কষ্ট পায়। 'সুভা' গল্পের সুভার মনে কথা না বলতে পারার কষ্ট ছিল। আর উদ্দীপকের আরজুর পায়ের সমস্যার কারণে মনে মনে কষ্ট পেয়েছে। দুজনই এই কষ্ট দূর করার জন্য সবার সহানুভূতি প্রত্যাশা করেছে। সে কারণেই বলা যায়, উদ্দীপকের আরজুর কষ্ট আর 'সুভা' গল্পের সুভার কষ্ট এক সুতোর গাঁথা।

০৫। অতি সাধারণ এক কিশোর লখা। কথা বলতে পারে না সে। কিন্তু তাতে কীই-বা আসে যায়। লখা উঁচু ডালে উঠে লাল ফুল সংগ্রহ করে শহিদ মিনারে যায় শ্রদ্ধা নিবেদন করতে। কথা বলতে না পারলেও তার মুখ দিয়ে আঁ আঁ আঁ আঁ ধ্বনির মধ্য দিয়েই বেরিয়ে আসে বাঙালির গর্বের উচ্চারণ।

(ক) সর্বশী ও পাঙ্গুলি কার নাম?

(খ) প্রতাপের দ্বারা সংসারের উন্নতির আশা বাবা-মা ত্যাগ করেছিলেন কেন? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের লখা 'সুভা' গল্পের কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর।

(ঘ) "উদ্দীপকটি 'সুভা' গল্পের একটি চরিত্রকে প্রতীকায়িত করেছে মাত্র, গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করতে পারেনি।"— মূল্যায়ন কর।

### ➲ ৫নং প্রশ্নের উত্তর ➲

(ক) সর্বশী ও পাঙ্গুলি সুভাদের গোয়ালের দুটি গাভীর নাম।

(খ) প্রতাপ নিতান্ত অকর্মণ্য ছির বলে তার বাবা-মা তার দ্বারা সংসারের উন্নতির আশা ত্যাগ করেছিলেন। বাবা-মার ছোট ছেলে প্রতাপ ছিল নিতান্ত অকর্মণ্য। অনেক চেষ্টা করেও তাকে দিয়ে সংসারের উন্নতির কোনো কাজ করানো সম্ভব হয়নি। এজন্য প্রতাপের মা-বাবা তাকে নিয়ে প্রত্যাশা বাদ দিয়েছেন। সে অপরাহ্নে নদীতীরে ছিপ ফেলে মাছ ধরত। কারণ এভাবে অনেকটা সময় কাটানো যায়। আসলে প্রতাপ ছিল প্রচন্ড অলস প্রকৃতির একজন মানুষ।

(গ) উদ্দীপকের লখা 'সুভা' গল্পের সুভা চরিত্রের প্রতিচ্ছবি। পৃথিবীটা অনেক সুন্দর। এই সুন্দর পৃথিবীতে শারীরিক প্রতিবন্ধিতার কারণে অনেক মানুষ অনিন্দ্য সৌন্দর্য উপওেভাগ করা থেকে বঞ্চিত হয়। শারীরিক প্রতিবন্ধী হওয়া সত্ত্বেও অনেকে তাদের তীক্ষ্ণ অনুভূতি ও দক্ষতা দিয়ে অনেক মহৎ কাজ সম্পাদন করে। উদ্দীপকে আমরা কিওেশার লখার পরিচয় পাই, যে কথা বলতে পারে না। লখা বাক্প্রতিবন্ধী কিশোর। কিন্তু শারীরিক প্রতিবন্ধকতা তার কোনো কাজেই বাধা হয়ে দাঁড়ায় না। অন্যান্য সুস্থ মানুষের মতো লখাও নিজেকে সব কাজে সম্পৃক্ত করতে চায়। 'সুভা' গল্পের সুভাও কথা বলতে পারে না। কথা বলতে পারে না বলে কেউ তার সাথে মেশে না। সুভা বাক্প্রতিবন্ধী হলেও সব কাজ করতে পারে। আর দশটি স্বাভাবিক মানুষের মতো সেও নিজেকে সব কাজে সম্পৃক্ত করতে চায়। এদিক দিয়ে উদ্দীপকের লখাকে 'সুভা' গল্পের সুভার প্রতিচ্ছবি বলা যায়।

(ঘ) "উদ্দীপকটি 'সুভা' গল্পের একটি চরিত্রকে প্রতীকায়িত করেছে মাত্র, গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করতে পারেনি।"— মন্তব্যটি যথার্থ। শারীরিক প্রতিবন্ধিতা মানুষকে স্বাভাবিক জীবন থেকে পৃথক করে দেয়। কথা বলতে না পারা এক ধরনের শারীরিক প্রতিবন্ধিতা। যারা বোবা তারা কর্মের মাধ্যমে তাদের না-বলা কথাগুলোকে প্রকাশ করে। তাদের প্রতি আমাদের সহানুভূতিশীল হওয়া উচিত। উদ্দীপকে দেখা যায়, কিশোর লখা কথা

বলতে পারে না। কিন্তু কথা না বলতে পারার কষ্ট নিয়ে লখা থেমে থাকে না। অন্যান্য মানুষের মতো সেও সামনের দিকে এগিয়ে যেতে চায়। 'সুভা' গল্পে লেখক বাক্প্রতিবন্ধী এক নারী চরিত্রের সাথে আমাদের পরিচয় করিয়ে দেন। তার নাম সুভা। সুভা কথা বলতে পারে না বলে পরিবারের সবাই অনেক চিন্তিত তার ভবিষ্যৎ নিয়ে। কিন্তু সুভাও সবার মতো কাজ করতে পারে। সেও নিজেকে সকলের মাঝে সম্পৃক্ত করতে চায়। বাক্প্রতিবন্ধকতার কষ্ট সে তার কাজের মধ্য দিয়ে কাটিয়ে উঠতে চায়। সে সৃষ্টিকর্তার কাছে অলৌকিক ক্ষমতারও প্রার্থনা করে যাতে সে সবার দৃষ্টিতে কাজের যোগ্য হিসেবে বিবেচিত হয়। এই দিকটিকে উদ্দীপকটি তুলে ধরলেও গল্পের সামগ্রিক বিষয় তুলে ধরতে পারেনি। 'সুভা' গল্পে উদ্দীপকের লখার সাথে সুভার সাদৃশ্য রয়েছে বটে, তবে এই দিকটি ছাড়াও গল্পে বেশকিছু বিষয়ের এবং ভাবের বর্ণনা রয়েছে। প্রতিবন্ধীদের ওপর মানুষের দৃষ্টিভঙ্গি, তাদের মনঃকষ্ট ও অসহায়ত্ব, অনুভূতির তীব্রতা, তাদের প্রতি সমাজের মনোভাব, লেখকের সহমর্মিতা– এসব বিষয় উদ্দীপকে অনুপস্থিত। তাই বলা যায়, মন্তব্যটি যথার্থ।